



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার নম্বর: ০৩

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৭  
২১ জুন ২০২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ রিজার্ভ সংরক্ষণ (সিআরআর) এর হার পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

নভেল করোনা ভাইরাসজনিত পরিস্থিতি বিবেচনায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ রিজার্ভ সংরক্ষণ (সিআরআর) এর হার পুনর্নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ০৬ নভেম্বর ২০০৩ তারিখের এফআইডি সার্কুলার নং-০৬ এবং ১০ নভেম্বর ২০০৪ তারিখের এফআইডি সার্কুলার নং- ০২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ রিজার্ভ সংরক্ষণ (সিআরআর) এর বিষয়ে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

- ক) মেয়াদী আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ দ্বিসাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক ১.৫% হারে সিআরআর সংরক্ষণ করতে পারবে এ শর্তে যে কোন দিনই এই সংরক্ষণের পরিমাণ ১.০০% এর কম হবে না;
- খ) মেয়াদী আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহের এসএলআর সংরক্ষণের পূর্ববর্তী হার ৫% এবং আমানত গ্রহণ করে না এমন আর্থিক প্রতিষ্ঠানের এসএলআর সংরক্ষণের পূর্ববর্তী হার ২.৫% এ অপরিবর্তিত থাকবে; এবং
- গ) সিআরআর এর উক্ত পরিবর্তিত হার ১ জুন ২০২০ তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮